

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৫৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সুরা সোয়াদে সাজদা করেছেন

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا سَجَدَ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي {ص}

আরবী

2755 _ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ وَالْأَشَجُّ قَالَا: حَدَّثَنَا أَبُو خَالِدٍ الْأَحْمَرُ عَنِ الْعَوَّامِ بْنِ حَوْشَبٍ عَنْ مُجَاهِدٍ قَالَ: قُلْتُ لابن العباس: سجدة {ص} [ص: 1] مِنْ عَنِ الْعَوَّامِ بْنِ حَوْشَبٍ عَنْ مُجَاهِدٍ قَالَ: قُلْتُ لابن العباس: سجدة {ص} [ص: 1] مِنْ أَيْنَ أَخَذْتَهَا؟ قَالَ: فَتَلَا عَلَيَّ: {ومن ذريته داود وسليمان وأيوب} [الأنعام: 84] حتى إذا بلغ قَوْلِهِ: {أُولَئِكَ الَّذِينَ هَدَى اللَّهُ فَبِهُدَاهُمِ اقْتَدِهْ} [الأنعام: 90] قَالَ: كَانَ دَاوُدُ سَجَدَ فِيهَا فَلِذَلِكَ سَجَدَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

الراوي: مُجَاهِد | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2755 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) ((المشكاة)) ((2038).

বাংলা

২৭৫৫. মুজাহিদ রহিমাহল্লাহ বলেন, "আমি আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমাকে জিজ্ঞেস করলাম, "সূরা সোয়াদের সাজদা আপনি কোথা থেকে গ্রহণ করেছেন?" তখন তিনি আমাকে পাঠ করে শুনান, ومن ذريته داود (আর তাঁর সন্তানদের মাঝে অন্যতম হলেন দাউদ, সুলাইমান ও আইয়ূব আলাইহিমুস সালাম), অতঃপর যখন তিনি এই আয়াতে পৌঁছেন, اقْتَدِهْ اقْتَدِهْ (এঁরা হলেন, সেসব লোক, যাদেরকে আল্লাহ হিদায়েত দান করেছেন। কাজেই আপনি তাদের হেদায়েতের অনুসরণ করুন। -সূরা আনআম: ৬০)।

তিনি বলেন, "দাউদ আলাইহিস সালাম এখানে সাজদা করেছিলেন। এজন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এখানে সাজদা করেছেন।"[1]



ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৫৫২; সহীহুল বুখারী: ৩৪২১; নাসাঈ: ২/১৫৯; দারাকুতনী: ১/৪০৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১২৭০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুজাহিদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন